



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর।

ফোনঃ ০৮৪১-৬৩৩৭৪, ফ্যাক্সঃ ০৮৪১-৬৩৩৭৪, ই-মেইল-mohilacl@gmail.com

কলেজ ওয়েবসাইট-www.chgmc.edu.bd,

কলেজ EIIN নম্বর : ১০৩৫৭০, কলেজ বোর্ড-৭২৭৫, (কুমিল্লা শিক্ষা বোর্ড) কলেজ কোড : ৩৯০২ (জাতীয় বিশ্ববিদ্যালয়)

স্মারক নং-চাঁসমক/প্রশা:

তারিখ : ২৭/১০/২০১৯খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ও এম/৩৭/জিএ/২০১৩-২৬৭৭১/৫ তারিখ:- ০৭/১০/২০১৯ খ্রি: মোতাবেক চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর এর জরাজীর্ণ দ্বিতল পুরাতন ছাত্রীনিবাস (শেখ হাসিনা ছাত্রীনিবাস) যেখানে যে অবস্থায় আছে সে অবস্থার ভিত্তিতে নিলামে বিক্রয় পূর্বক অপসারণের নিমিত্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

কাজের নাম ও বিবরণ	কাজের অবস্থান	কার্য সম্পাদনের সময়সীমা
জরাজীর্ণ দ্বিতল ছাত্রীনিবাস (শেখ হাসিনা ছাত্রীনিবাস)	চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর	৩০(ত্রিশ) দিন

১. চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুরের ক্যাম্পাসে বর্ণিত ভবনটি যে অবস্থায় আছে ঠিকাদার/ ফার্মের মালিক তা সরজমিনে দেখে লেটারহেড প্যাডে নিলাম দর উল্লেখ পূর্বক সিলগালা করে দরপত্র দাখিল করতে হবে।
২. প্রত্যেক দরপত্র দাতা উদ্ধৃত দরের ২৫% সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের আকারে অধ্যক্ষ, চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুরের অনুকূলে দরপত্রের সাথে দাখিল করবেন।
৩. কৃতকার্য ঠিকাদার /ফার্ম কর্তৃক দাখিলকৃত দর নিলাম কমিটি কর্তৃক গৃহীত ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কর্তৃক অনুমোদিত হওয়ার পর ০৭(সাত) দিনের মধ্যে অনুমোদিত দর/মূল্যে যে কোন তপসীলভুক্ত ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে অধ্যক্ষ, চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুরের এর বরাবর জমা দিতে হবে।
৪. কার্যাদেশ প্রাপ্তির পর দর/মূল্যের উপর ৭.৫% হারে ভ্যাটসহ বিধিমোতাবেক অন্যান্য সরকারি কর আলাদাভাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে অধ্যক্ষ, চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর এর বরাবর জমা দিতে হবে।
৫. কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার/ ফার্মকে ৩০(ত্রিশ) দিনের মধ্যে ভবনটি ও যাবতীয় মালামাল অপসারণ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
৬. বর্ণিত ভবনটি অপসারণের সময় কলেজের কোন স্থাপনা বা কোন জিনিস পত্রের ক্ষতি সাধন করা যাবে না। কোন রূপ ক্ষতি হলে ঠিকাদার/ফার্ম ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে। বিদ্যুৎ, গ্যাস, পানি ইত্যাদি লাইন আগেই বিচ্ছিন্ন করতে হবে। কোন প্রকার বিস্ফোরক ব্যবহার করা যাবে না।
৭. দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানের আয়কর সনদ, ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।
৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম দরপত্র গ্রহণ কিংবা বাতিল করতে পারবেন।
৯. নিলামে কৃতকার্য ঠিকাদার /ফার্ম নিলাম মূল্য সঠিক সময়ে জমা দিতে ব্যর্থ হলে জামানত স্বরূপ প্রদত্ত অর্থ বাজেয়াপ্ত করা হবে।
১০. ভবন ভাঙ্গার সময় যদি কোন ব্যক্তি আঘাত প্রাপ্ত হন বা জীবন হানি ঘটে সে জন্য কলেজ কর্তৃপক্ষ কোন ভাবে দায়ী হবে না।
১১. দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় : ০৫/১১/২০১৯খ্রি. -০৭/১১/২০১৯খ্রি. বিকাল ২.০০ ঘটিকা
১২. দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময় : ১১/১১/২০১৯খ্রি: সোমবার:১২.০০ দুপুর
১৩. দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় : ১১/১১/২০১৯খ্রি: সোমবার:১২.০০ দুপুর, (দরপত্র দাতাদের কেউ উপস্থিত থাকেন)
১৪. সিডিউল বিক্রয় ও গ্রহণের স্থান - অধ্যক্ষের কার্যালয় চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর।
১৫. সিডিউল মূল্য : ১৫০০(এক হাজার পাঁচশত টাকা) অফেরত যোগ্য।

(প্রফেসর মোঃ মাসুদুর রহমান)

অধ্যক্ষ

চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর।

প্রফেসর মোঃ মাসুদুর রহমান (০৯২৯)

অধ্যক্ষ

চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর।